

মামু
৭

মানা সমস্যার আবেতে কল্পবাজার সরকারি কলেজ

॥ কল্পবাজার সংবাদপত্র ॥
প্রায় অর্ধ শতাব্দী আগে প্রতি-
ষ্ঠিত কল্পবাজার সরকারি কলেজে
মানা সমস্যায় এতে বহু সংখ্যক
শিক্ষার্থীর লেখাপড়া ব্যাহত হচ্ছে।
গত কয়েক বছর যাবৎ অনেক
বিষয়ের শিক্ষক নেই। এছাড়া
রয়েছে আবাদিক সমস্যা। এখানে
এখন শিক্ষার স্বচ্ছ পরিবেশ
নেই। কয়েক বছর যাবৎ একটি
ছাত্র সংগঠনের নিকট সাধারণ
শিক্ষার্থীসহ শিক্ষকের জিন্মা হয়ে
রয়েছেন বলে নাম প্রকাশ না করার
শর্তে একাধিক শিক্ষক জানিয়েছেন।
এমনকি কোটি টাকার ব্যয়ে শতা-
ধিক ছাত্রীর ধারণ ক্ষমতাসম্পন্ন
ছাত্রীনিবাসটি একই কারণে অদ্যা-
বধি চালু করতে পারেননি কলেজ
কর্তৃপক্ষ। ছাত্রী নিবাসটি চালু করে
দূরদুরান্ত থেকে আগত ছাত্রীদের
মুঠোগ লাভব করার উদ্দেশ্যে ছাত্রী
নিবাসটি চালু করার জন্য কলেজ
কর্তৃপক্ষ একাধিকবার উদ্যোগ
নিয়েও তাদের হস্তকির মুখে বাধা-
প্রাপ্ত হন।
এছাড়া এখানে অব্যক্ত লোক

জনের হরহাংশ। আড়তা বসে বলে
সূত্র জানায়। শিক্ষার্থীদের বিশেষ
করে ছাত্রীদের লেখাপড়ার ভবিষ্যৎ
নিয়ে স্থানীয় অতিভাবকেরা রীতি-
মতো উদ্ভিন হয়ে পড়েছে। প্রায়
২ বছর পূর্বে নির্মিত এছাত্রী
নিবাসটি আদৌ চালু করা সত্ত্বে
হবে কিনা বলা মুশকিল।

এছাড়া কলেজের সম্মুখভাগে
নির্মিত 'শহীদ' মিনারটিও অস্বস্তি
অবস্থায় বছরের পর বছর ধরে
পড়ে রয়েছে। কলেজ কর্তৃপক্ষ
কলেজের বহুবিধ অনুষ্ঠানে বিপুল
পরিমাণ অর্থ ব্যয় করতে সক্ষম
হলেও রহস্যজনক কারণে শহীদ
মিনারের কোন সংস্কার করতে
পারেনা।

এদিকে, ঐতিহ্যবাহী কল্পবাজার
সরকারি কলেজে চলতি বছর থেকে
বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি ও
হিসাব বিজ্ঞানগণ চারটি বিষয়ে
মাষ্টার্স কোর্স চালু করার জন্য
জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ
সম্প্রতি লিখিতভাবে অনুমতি
দিয়েছে অধ্যক্ষ ফক্সলুল করিম
জানার।